যুগান্তর

১৬/১০/২০০০
তারিখ
পৃষ্ঠা ৩ কলাম ৫

# সিলেটের শিক্ষা প্রতিষ্ঠান এখন ছাত্রদলের নিয়ন্ত্রণে

সিলেট ব্যুরো

সিলেটের অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠান ছাত্রদল নিয়ন্ত্রণে নিয়ে নিয়েছে। শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ওসমানী মেডিকেল কলেজ, ভেটেরিনারি কলেজ, পলিটেকনিক্যাল ইন্সটিটিউট, এমসি কলেজের হল ও ছাত্রাবাসগুলোর অধিকাংশই সম্পূর্ণভাবে এখন তাদের দখলে।

এক মাস বন্ধ থাকার পর গত ১০ অক্টোবর শাহজালাল বিশ্ববিদ্যালয়ের শাহপরান হল খুলে দেয়ার ১ ঘণ্টার মধ্যে ছাত্রদলের দেড়শ' নেতাকর্মী হলের দখল নেয়। ছাত্রশিবিরকেও তারা কয়েকটি কক্ষ প্রদান করে। হলসহ পুরো ক্যাম্পাস এখন ছাত্রদলের নিয়ন্ত্রণে। ১১ অক্টোবর বিশ্ববিদ্যালয় খোলার পর থেকে ছাত্রলীগের নেতাকর্মীরা ক্যাম্পাসে প্রবেশ করতে পারছে না বলে জানা গেছে। ৭/৮ জনকে প্রহার ও লাঞ্ছিত করার খবরও পাওয়া গেছে।

গত শনিবার মধ্যরাতে ওসমানী মেডিকেল কলেজের শামসুদ্দিন ছাত্রাবাসে ছাত্রদল সমর্থকরা অভিযান চালায়। এ সময়

নিয়ন্ত্রণে : পৃষ্ঠা : ১৩ কলাম : ৮

## নিয়ন্ত্রণে : ছাত্রদল

(৩য় পৃষ্ঠার পর)

ছাত্রলীগের ৪০ জন নেতাকর্মী প্রাণভয়ে ছাত্রাবাস ত্যাগ করে। যার ফলে কোনপ্রকার সংঘর্ষ ছাড়াই ছাত্রাবাসটি ছাত্রদলের নিয়ন্ত্রণে চলে যায়। অচিরেই ছাত্রদল মেডিকেল কলেজের অন্য হলগুলো পূর্ণ নিয়ন্ত্রণে আনার অভিযান শুরু করবে বলে জানা গেছে।

বিগত সরকারের আমলে ওসমানী মেডিকেলে ছাত্রলীগের একক আধিপত্য থাকলেও সরকার পরিবর্তনের সঙ্গে সঙ্গে তারা আগের অবস্থান থেকে পিছু হটতে থাকে। অপরদিকে ছাত্রদল তৎপরতা বৃদ্ধি করে একের পর এক দখল প্রক্রিয়া চালিয়ে যাচ্ছে।

ভেটেরিনারি কলেজ ও পলিটেকনিক্যাল ইন্সটিটিউটের ছাত্রাবাসগুলো ছাত্রদল দখল করে নিয়েছে। অপরদিকে এমসি কলেজে ছাত্রদল ও ছাত্রশিবির উভয় সংগঠনেরই